# বাবুগঞ্জ উপজেলার অক্টোবর/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ১৩/১০/২০২২ খ্রিঃ ; সময় ঃ ১০:৩০ মিনিট।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।**

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে,<br>(ক) বাবুগঞ্জ উপজেলা পরিষদের পুরাতন ভবনে অবস্থিত সোনালী ব্যাংক লিমিটেড, খানপুরা শাখা, বরিশাল এর অফিস মেরামত ও সংস্কার কাজের অনুমতি প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত (মূল্য উল্লেখসহ), কারিগরি প্রতিবেদন, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের স্থিতি এবং সোনালী ব্যাংক লিমিটেড কত বর্গফুট স্থান ব্যবহার করে ও কত টাকা ভাড়া প্রদান করে উহার তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করেছেন। উক্ত বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উল্লেখ্য যে, জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল তবে সভার কার্যবিবরণীতে মূল্য উল্লেখ করা হয়নি।এ সংক্রান্ত প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণ করা হয়েছিল এবং প্রাক্কলিত মূল্য ছিল ৬,৯৬,৪৪১/- (ছয় লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত একচল্লিশ টাকা)। | (ক) চাহিত তথ্য জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |
| | (খ) স্থানীয় সরকার বিভাগ হতে গত ২১/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২.৬৮৭ নম্বর স্মারকে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস,বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত প্রয়োজন হলে সে সকল মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করে পরিষদের অনুমোদনসহ প্রস্তাব (রাজস্ব তহবিলের স্থিতিসহ) প্রেরণ করার অনুরোধ করেছেন। এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল যে উল্লিখিত বিষয়ে যে সমস্ত কাজের মেরামত/সংস্কার প্রয়োজন উক্ত কাজের প্রাক্কলন প্রস্তুত করে আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল অমৃত লাল দে গুড়া মসলা ফ্যাক্টরী সংলগ্ন মহাসড়ক হতে পূর্ব পাংশা সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তাটি **"কাজী বাড়ী সড়ক"** নামকরণ করার মৌখিক প্রস্তাবনা এবং জনাব আঃ করিম হাওলাদার (বীরমুক্তিযোদ্ধা), পিতা-মৃত আব্দুল কাদের | (গ) উক্ত রাস্তা দুটির প্রস্তাব অনুযায়ী নামকরণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | হাওলাদার, গ্রাম- দক্ষিণ রফিয়াদি, ডাকঘর- বায়লাখালী,ইউনিয়ন- চাঁদপাশা, বাবুগঞ্জ, বরিশাল ও সাবেক ডেপুটি কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বাবুগঞ্জ, বরিশাল তার নামে চাঁদপাশা ইউনিয়নের **"বটতলা হতে আরজীকালিকাপুর গ্রাম হইয়া ময়দানের হাট"** পর্যন্ত রাস্তাটি তার নামে নামকরণ করার জন্য আবেদন পাওয়া গেছে। এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| | (ঘ) ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, বাবুগঞ্জ স্টীমারঘাট বাজার শাখা, বরিশাল তার শাখাটি উপজেলা হতে ২০ কিলোমিটার দূরত্বে অবস্থিত তার মধ্যে মাঝ খানে একটি নদী আছে মর্মে উল্লেখ করে শাখাটি দুর্গম এলাকায় অবস্থিত হওয়ায় ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য হওয়ায় শাখাটি উপজেলা সদরে স্থানান্তরের নিমিত্ত উপজেলা পরিষদের পুরাতন ভবনে ০২(দুই)টি কক্ষ ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বরাদ্দের আবেদন করেন। এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ)আনসার- ভিডিপি উন্নয়ন ব্যাংক এর কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদের পুরাতন ভবনের দোতালায় ০২ টি (দুই) কক্ষ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) অধ্যক্ষ, খানপুরা আলিম মাদ্রাসা, বাবুগঞ্জ, বরিশাল তার প্রতিষ্ঠান ১৯৮৪ সালে নির্মিত টিনসেট ভবনের মেরামতের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা আর্থিক অনুদানের জন্য আবেদন করেন। এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঙ) খানপুরা আলিম মাদ্রাসার ভবনের কাজ করার বিষয়ে শিক্ষা প্রকৌশল বিভাগ,বরিশাল বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (চ) অধ্যক্ষ, বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল তাদের প্রতিষ্ঠানের আওতাধীন শিশু নিকেতন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল সংলগ্ন খালের ময়লা আবর্জনা ও পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (চ) উপজেলা পরিষদের অর্থায়নে শিশু নিকেতন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল সংলগ্ন খালের ময়লা আবর্জনা ও পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ছ) তিনি আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগ হতে প্রত্যেক ইউনিয়নে বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপন করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ছ) বাবুগঞ্জ উপজেলার প্রত্যোক ইউনিয়ন পরিষদের পরিষদ ভবনের সামনে বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীয় হয়। | (ছ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) বাবুগঞ্জ, বরিশাল। |
| | (জ) উপজেলা পরিষদের জন্য জরুরীভিত্তিতে কিছু আসবাবপত্র ক্রয় করা জরুরী। এছাড়া কিছু আসবাবপত্র জরুরী মেরামত করাও জরুরী হয়ে পরেছে। সভায় এ বিষয় নিয়ে আলোচনা করা হয়। | (জ) সরেজমিন অবস্থা বিবেচনা করে অতি প্রয়োজনের ভিত্তিতে সীমিতভাবে ব্যয়পূর্বক অল্প অল্প করে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | জনাব সুবাস সরকার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত টিকাদান কেন্দ্রে কোভিড-১৯ এর ২য় বুষ্টার ডোজ টিকাদান কার্যক্রম সফলভাবে চলছে। সারা দেশের ন্যায় এ উপজেলায়ও সরকারি ঘোষনা মোতাবেক শীঘ্রই ০৫-১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ টিকাদান কার্যক্রম শুরু হবে। উক্ত কার্যক্রম সফল করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। বিশেষ করে উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল কে ০৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের দ্রুততার সাথে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য এবং তাদের সঠিক সংখ্যা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় অনুরোধ করেন। নিবন্ধন ব্যতিত শিশুদের লাইন লিস্টিং এর মাধ্যমে টিকা প্রদান করা হবে, তবে সে ক্ষেত্রে টিকা গ্রহনের সনদ পেতে জটিলতার সৃষ্টি হতে পারে। প্রতিটি সাবেক ওয়ার্ডে ১২ দিন এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ দিন করে মোট ২২৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে টিকা প্রদান করা হবে। ক্যাম্পেইনের লক্ষমাত্রা ১৮২৫২ জন।<br>তিনি আরো জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত করোনা ভাইরাসের নমুনা সংগ্রহ করা হয় এবং স্বাস্থ্য কমপ্লেক্সের র‌্যাপিড এন্টিজেন পরীক্ষা করা হয়। বর্তমানে কোভিড-১৯ সংক্রামন কমে আসায় সরকার সকল বিধি-নিষেধ প্রত্যাহার করেছেন। সুতরাং করোনা মোবাবেলায় আমাদেরকে অবশ্যেই মাস্ক পরিধানসহ সাস্থ্যবিধি মেনে চলতে হবে। | সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি আমন মৌসুমে ৯৬০০ হেক্টর জমিতে আমন ধান আবাদ হয়েছে । এছাড়াও তেল ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসেবে আগামী রবি মৌসুমে ৩৮৫ হেক্টর জমিতে সরিষা, ৪০ হেক্টর জমিতে সুর্যমুখী, ৪০ হেক্টর জমিতে চিনাবাদাম, ১৫ হেক্টর জমিতে সয়াবিন এবং ২৫ হেক্টর জমিতে তিল আবাদের পরিকল্পনা রয়েছে এবং ইতোমধ্যে এর কার্যক্রম শুরু হয়েছে। কৌশল হিসেবে আমন ক্ষেতে রিলে ফসল হিসেবে সরিষার আবাদ করা হবে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে কাঙ্খিত আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা পূরণ হবে এবং বিগত বছরের তুলনায় ধান ও শাকসবজির আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। তিনি সভায় অবহিত করেন যে, কৃষি বিভাগের অধিগ্রহণকৃত স্থানে তাদের জরুরী স্থাপনা নির্মানের প্রয়োজন বিধায় কৃষি অফিসের পূর্ব পার্শ্বে বনবিভাগ কর্তৃক সাময়িকভাবে ব্যবহৃত জমি ফরেস্টার, বনবিভাগ, বাবুগঞ্জ, বরিশাল-কে ছেড়ে দেয়ার অনুরোধ জানান। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বন বিভাগ কর্তৃক ব্যবহৃত কৃষি বিভাগের অধিগ্রহণকৃত জমি বন বিভাগকে ছেড়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও ফরেস্টার,বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৭৪৩ টি গরু ৪৮৩ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ১৮৫০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ২২০১ টি গবাদি পশুকে ও ১২৩৯৪ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২২৩ টি গাভী কে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলছে। এলডিডিপি প্রকল্পের আওতায় মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে সেবা প্রদান অব্যাহত আছে। ভেটেরিনারী হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থাকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও গড়া নির্মূলে অভিযান চলমান আছে।<br>(খ) বিভিন্ন খালে, নদীতে বিষ প্রয়োগের ক্ষতিকর প্রভাব বিষয়ে সচেতনতা সভা চলমান আছে।<br>(গ) মোবাইল কোর্ট/অভিযান চলমান।<br>(ঙ) মৎস্য চাষীদের পরামর্শ প্রদান।<br>(চ) মা ইলিশ সংরক্ষণ অভিযান, ২০২২ চলমান ।<br>তিনি আরো জানান যে, জনপ্রতিনিধিগণ সহযোগিতা না করলে মা ইলিশ সংরক্ষন অভিযান সম্ভব নয়। তাই তিনি এ সভায় এ অভিযানে জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। | সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সংশ্লিস্ট জনপ্রতিনিধিগণ মা ইলিশ সংরক্ষন অভিযানে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |
| শিক্ষা বিভাগ | জনাব দিলদার নাহার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠ ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমাজসেবা বিভাগ | জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাকিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) জুলাই, ২০২২ হতে সেপ্টেম্বর,-২০২২ মেয়াদে সকল ভাতার পে-রোল পাঠানোর কার্যক্রম চলছে।<br>(খ) মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন সংক্রান্ত কার্যক্রম চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বছরের বিভাগীয় সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০১৯-২০২০ অর্থ বছরের ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল, নিরীক্ষা ফি, নিরীক্ষা ফি এর উপর ভ্যাট ১০০% আদায় হয়েছে।<br>**প্রশিক্ষণ :** বিগত ২০২০-২০২১ অর্থ বছরে অত্র উপজেলার সর্বমোট ১৫০ জন সমবায়ীদের ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরেও অনুরূপ ১০০ জন সমবায়ীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিগত ২৯/০৯/২০২১ তারিখ হতে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।<br>**আশ্রয়ণ প্রকল্প ঃ** অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। তবে করোনাকালীন সময়ে আশানুরুপ ঋণ আদায় করা যায়নি। গোয়ালদী-মুন্ডরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৫,০০৫১৪/- টাকা আদায় করা হয়েছে। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে এ পর্যন্ত ১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর আদায় হয়েছে ১৩,২১,১৮৩/- টাকা।<br>**দুগ্ধ প্রকল্প ঃ** শতভাগ সরকারি অর্থায়ণে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪ এবং ২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে এবং ৩,৩৪,৪০০/- বকেয়া রয়েছে। বকেয়া ঋণের মধ্যে ২,৭৪,৪৬০/- টাকা খেলাপী আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে তাগাদাসহ বারবার নোটিশ প্রদান করা হয়েছে। খেলাপী ঋণ গ্রহিতা ০৫ জন। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত উল্লিখিত ঋণ গ্রহিতাদের বিরুদ্ধে প্রশাসনিক ভাবে চাপ প্রয়োগসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে। খেলাপী ঋণের মধ্যে কয়েকজন সরকারি চাকুরীজীবি রয়েছে। তাদের কাছ থেকে ঋণ আদায়ের জন্য উপজেলার স্ব- স্ব বিভাগ হতে ব্যবস্থা গ্রহণ করার জন্য পদক্ষেপ নেয়া যেতে পারে।<br>এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা সমবায় কার্যালয়টি উপজেলা পরিষদের সম্প্রসারিত নতুন ৪র্থ তলা ভবনের ৪র্থ তলায় পশ্চিম- দক্ষিণ পাশের দুটি কক্ষ নিয়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত নতুন ভবনে পুরাতন ভবন হতে বিগত ০৯ মাস পূর্বে সমবায় কার্যালয়টি স্থানান্তরিত হয়। ভবনটি নতুন হওয়া সত্ত্বেও উপজেলা সমবায় অফিসারের কক্ষের একটি অংশের ছাদের উপর দিয়ে বৃষ্টির পানি চুয়ে চুয়ে পরে। ছাদের ক্ষতিগ্রস্থ অংশটি যদি এ মুহূর্তে সংস্কার করা না হয় তাহলে আগামী ২/৩ মাসের মধ্যেই উক্ত কক্ষটি ব্যবহারের অনুপযোগী হয়ে পরবে। ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী মহোদয় ক্ষতিগ্রস্থ অংশ অবলোকন করেছেন এবং সংস্কার করবেন মর্মে অবহিত করেছেন। কিন্তু অদ্য পর্যন্ত সংস্কার হয়নি। তিনি এ ব্যাপারে অদ্য সভার কার্যবিবরণীতে বিষয়টি লিপিবদ্ধ করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ বিস্তারন বিষয়ক প্রশিক্ষণ কোর্সের শিক্ষকদের আবেদন কার্যক্রম চলমান।<br>(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী এবং অনলাইনে ক্লাস পরিচালনা বিষয়ক প্রশিক্ষন সমাপ্ত করা হয়েছে।<br>(গ) ৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির গ্রীস্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২২ সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সমাপ্ত হয়েছে।<br>(ঘ) আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসি) ভবন স্থাপনের কার্যক্রম চলমান ।<br>(ঙ) ইউনিক আইডির কার্যক্রম চলমান।<br>(চ) মানষিক ও স্বাস্থ্য সুরক্ষা এবং মুক্তপাঠ অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>(ছ) সেপ্টেম্বর/২০২২ মাসের এমপিও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>তিনি আরো বলেন যে, আগামী ০৬/১১/২০২২ খ্রিস্টাব্দ তারিখ এইচ.এস.সি, আলিম ও সমমানের পরীক্ষা শুরু হবে। এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আগামী ০৬/১১/২০২২ খ্রিস্টাব্দ তারিখ এইচ.এস.সি, আলিম ও সমমানের পরীক্ষায় সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সবাই সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। ১,২,৩ অক্টোবর, ২০২২ তারিখ হতে কোভিড-১৯ এর ১ম, ২য় ও বুস্টার ডোজ ক্যাম্পেইন টিকাদান কর্মসূচী শুরু হয়েছে। স্বাস্থ্য বিভাগের কর্মীদের পাশাপাশি পরিবার পরিকল্পনা বিভাগের কর্মীরা অংশ গ্রহণ করবেন। অক্টোবর,২০২২ মাসের কার্যক্রম নিম্নরুপ-<br>১। ১৩/১০/২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পরবর্তীতে তাদের যে কোন প্রোগ্রামে সংশ্লিস্ট ইউনিয়নের চেয়ারম্যান, ইউপি সদস্য, মুক্তিযোদ্ধাসহ গন্যমান্য লোকজনকে অবহিত করে প্রোগ্রাম করার সিদ্ধান্ত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

২। ২৩/১০/২০২২ খ্রি. তারিখ রবিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।

৩। ২৭/০৯/২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।

৪। ২৬/১০/২০২২ খ্রি. তারিখ বুধবার জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ও স্থায়ী পদ্ধতি ক্যাম্প।

উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সেপ্টেম্বর/২০২২ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরূপঃ-

স্থায়ী পদ্ধতির- ০৫, আইইউডি- ২৪ জন, ইমপ্লান্ট- ৬৪ জন। মোট সক্ষম দম্পত্তি ২৬,৮৫১ জন, গ্রহণকারী- ২০৭৭৬ জন, সিএআর- ৭৭.৩৮%।

তিনি সভাকে আরো অবহিত করেন যে, এ সভার সদস্যগণ উপজেলার যেকোন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শনে গেলে পরিবার পরিকল্পনা বিভাগের ক্লিনিকে যাওয়ার অনুরোধ করেন এবং মাঠ কর্মীগণ মাঠ পর্যায়ে সঠিকভাবে কাজ করেন কিনা তা পর্যবেক্ষণ করার অনুরোধ করেন।

ইউনিয়নে তাদের যে কোন প্রোগ্রামে সংশ্লিস্ট ইউনিয়নের চেয়ারম্যান, ইউপি সদস্য, মুক্তিযোদ্ধাসহ গন্যমান্য লোকজনকে অবহিত করা হয় না মর্মে অধিকাংশ ইউপি চেয়ারম্যানগণ সভায় জানান।

**পল্লী উন্নয়ন বিভাগ**

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন অক্টোবর/২০২২ মাসের কার্যক্রম নিম্নরূপ ঃ

| ক্র: নং | প্রকল্পের নাম | শেয়ার | সঞ্চয় | বিতরণ | আদায় |
|---|---|---|---|---|---|
| ০১ | মহিলা উন্নয়ন অনুবিভাগ | ০ | .০৬ | ০ | ৫.৫৮ |
| ০২ | আবর্তক | ০ | .০ | ০ | ৫.১৫ |
| ০৩ | সদাবিক | ০ | .০ | ০ | .৩৩ |
| ০৪ | পল্লী প্রগতি | -- | ০ | ০ | .০৪ |
| ০৫ | মুক্তিযোদ্ধা | ০ | ০ | ০ | ০ |
| ০৬ | ইরেসপো | ০ | .৭৪ | ২০.৩৬ | ১৬.০৩ |
| ০৭ | অপ্রধান শস্য | ০ | .০২ | ০ | .১২ |
| ০৮ | আদর্শ গ্রাম-২ | ০ | ০ | ০ | ০ |
| | সর্বমোট | ০ | ০.৮২ | ২০.৩৬ | ২৭.২৫ |

সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল

**যুব উন্নয়ন বিভাগ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,

প্রশিক্ষণ ঃ ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ অক্টোবর মাসে শুরুর কাজ প্রক্রিয়াধীন।

সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **ঋণ ঃ** আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ২০২২ উপলক্ষ্যে প্রশিক্ষিত যুবক ও যুব নারীদের মধ্যে ৬,১০,০০০/-( ছয় লক্ষ দশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>**ওয়েব পোর্টাল ঃ** এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, আগামী ০১/১১/২০২২ খ্রি. তারিখ জাতীয় যুব দিবস পালিত হবে। উক্ত দিবসের সকল অনুষ্ঠানে সকলকে অংশগ্রহণ এবং সহযোগিতা করা অনুরোধ জানান। | | |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | জনাব শামীমা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। সকল ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ট্রেড চলমান। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক উঠান বৈঠক হয়েছে । | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচী চলমান আছে। তিনি আরো জানান যে, সকল ইউনিয়ন পরিষদ হতে ইতোপূর্বে গার্ডার ব্রীজের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত ছিল। কিন্তু এখন পর্যন্ত এ প্রস্তাব পাওয়া যায়নি। তাই তিনি অতিসত্বর এ প্রস্তাব প্রেরণ করার অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপকারভোগীদের তালিকা যথাসময়ে এবং গার্ডার ব্রীজের প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ২০২১-২০২২ অর্থ বছরের সুপেয় পানি সরবরাহের সকল কার্যক্রম গত মাসিক সভায় অবহিত করা হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় এ উপজেলায় ২০২২-২৩ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যাহার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকি ৫০% ইউনিয়ন WATSAN কমিটি কর্তৃক প্রদত্ত সাইড উপজেলা WATSAN কমিটি কর্তৃক অনুমোদন করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। নতুন কার্যক্রম অথবা বরাদ্দ পেলে আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| জাতীয় মহিলা সংস্থা | উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, তাদের সংস্থায় ৪ মাসব্যাপী সেলাই প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষনার্থীর আসন সংখ্যা-৩০ জন। ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে। উক্ত ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম ০৩/০৭/২০২২ খ্রিস্টাব্দ হতে চলমান। ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ব্যাচে ৩০ জন প্রশিক্ষনার্থী অক্টোবর/২০২২ মাসের ৪র্থ সপ্তাহে ভর্তি করা হবে। প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতি ভাতা- ১০০/- টাকা প্রদান করা হয়।<br>০২। উঠান বৈঠকের সংখ্যা ০১ টি। উঠান বৈঠকে আলোচ্য বিষয় ছিল বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত।<br>০২। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান, ঋণ গ্রহীতার সংখ্যা ৫৯০ জন। খেলাপী ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সেপ্টেম্বর/২০২২ মাসে ডোর টু ডোর তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ৭০০ জন এবং তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ২০০ । এ মাসে উঠান বৈঠক হয়েছে- ০৪ টি। | প্রশিক্ষনের জন্য উপজেলা পরিষদের পুরাতন হল রুম বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বাবুগঞ্জ, বরিশাল |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>১। ইতিপূর্বে এ উপজেলার সকল দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার সকল দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। ইহা সত্ত্বেও এখন পর্যন্ত অনেক দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করেননি। ইহা দুঃখজনক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>তিনি আরো জানান যে, আগামী ১৮/১০/২০২২ খ্রি. তারিখ শেখ রাসেল এর জন্মদিন। উক্ত দিবসটি সরকারের গেজেটভূক্ত “ক” শ্রেণীভূক্ত জাতীয় দিবস। উক্ত দিবস আমাদেরকে যথাযোগ্য মর্যাদায় পালন করতে হবে। | উপজেলার যে সকল দপ্তর এখন পর্যন্ত ওয়েব পোর্টাল হালনাগাদ করেননি সে সকল দপ্তর অতিসত্বর তাদের দপ্তরের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। শেখ রাসেল এর জন্মদিন যথাযোগ্য মর্যাদায় পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান, বাবুগঞ্জ, বরিশাল |
| পল্লী সঞ্চয় ব্যাংক | জনাব সমীর চন্দ্র হাওলাদার, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলায় তার আওতায় সমিতির সংখ্যা ১৪৩ টি,সদস্য সংখ্যা ৬৪৩৩ জন, মোট সঞ্চয় জমা- ৩০১.৯৮ টাকা, মোট কল্যাণ অনুদান ২৩০.৫৮ টাকা, মোট ঘূর্নায়মান ঋণ তহবিল ৩৯৩.৯৩ টাকা, সম্পদের টাকা আদায় ৬.২২৭ টাকা, সর্বমোট তহবিল ১১৯৮.৮২ টাকা, মোট প্রকল্প সংখ্যা ১০৯৭৪ টি, মোট ঋণ বিতরণ ২৬৫২.০১ টাকা, মোট ঋণ আদায় ২০০৫.২২ টাকা ও ঋণ স্থিতি ৮৭৬.০৭ টাকা। সেপ্টেম্বর, ২০২২ মাসে ঋণ বিতরণ ৬৯.৪১ টাকা, ঋণ আদায় ৬৪৫০২ ও সঞ্চয় আদায় বছরে ৫.০০ টাকা। ঋণের টাকা আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, শীতকাল আসন্ন। উপজেলা চত্বরে অফিসার্স ক্লাবের জন্য ব্যাট মিন্টন খেলার মাঠ স্থাপন ও উক্ত খেলার নিমিত্ত আনুসাঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>সভাপতি অবহিত করেন যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব অনেকটা কমেছে। তবে আমাদেরকে এ ব্যাপারে অবশ্যেই সচেতন থকতে হবে। আমাদের নিজেদেরসহ স্কুল-কলেজের শিক্ষার্থীদের অবশ্যেই মাস্ক পরিধান করতে হবে। | (ক) ব্যাট মিন্টন খেলার মাঠ স্থাপন ও উক্ত খেলার নিমিত্ত আনুসাঙ্গিক মালামাল ক্রয়ের জন্য অর্থ পাওয়ার জন্য স্থানীয় মাননীয় সংসদ সদস্য বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১৩/১০/২০২২

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।
১৩/১০/২২

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২২-৯৯৬ (৫০)

তারিখ ঃ ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৯। উপজেলা ................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
১০। চেয়ারম্যান ................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।
১১। জনাব..................................................................বাবুগঞ্জ, বরিশাল।
১২। অফিস কপি।

১৩/১০/২২
(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।
১৩/১০/২২

CamScanner